



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।



সূত্র নংঃ ২৮.১৬.৯১০০.০০৪.০০১.৯৯.২৬.৭২

তারিখঃ ১৩-০৮-২০২৬ ইং

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড-এর সম্মানিত আবাসিক শ্রেণির গ্রাহকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রিপেইড গ্যাস মিটারে টানা ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব সময় রিচার্জ না করে থাকলে “গ্যাস বিপণন নিয়মাবলি ২০২৬” -এ অস্থায়ীভাবে গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ সংক্রান্ত বিধি ৪৬(৩) অনুসারেঃ

“নিম্নবর্ণিত ক্ষেত্রে বিনা নোটিশে মিটারবিহীন/ প্রি-পেইড মিটারযুক্ত গৃহস্থালি গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা যাইবে- (এ) নির্ধারিত তারিখের মধ্যে বিল পরিশোধ না করিলে, বা ক্ষেত্রমতে, অন্যান্য পাওনা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করিলে এবং প্রিপেইড মিটারযুক্ত গৃহস্থালির গ্রাহকের মিটার ভাড়ার ৬ (ছয়) কিস্তি একনাগাড়ে পরিশোধ না হইলে;”

তৎপ্রেক্ষিতে, অনাকাঙ্ক্ষিত সংযোগ বিচ্ছিন্নতা এড়াতে নিয়মিতভাবে প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ করার জন্য সম্মানিত গ্রাহকদের অনুরোধ করা হলো। এ বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ
প্রয়োজনে- হটলাইন (১৬৫১১)